

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮৭

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৬. পুরুষ যা স্বগ্নে দেখে, যদি স্ত্রীলোক তা স্বগ্নে দেখে (পূরুষের মত স্ত্রীলোকের স্বগ্নদোষ হলে) এ সম্পর্কে بَابٌ: فِي الْمَرْأَةِ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ عَنْ الْأَوْزَاعِيِّ عَنْ إِسْحَقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنسٍ قَالَ دَخَلَتْ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمُّ سُلَيْمٍ وَعِنْدَهُ أُمُّ سَلَمَةَ فَقَالَتْ الْمَرْأَةُ تَرْبَتْ يَدَاكِ يَا أُمَّ سُلَيْمٍ فَضَحْتِ النِّسَاءَ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ فَقَالَتْ أُمُّ سَلَمَةَ تَرْبَتْ يَدَاكِ يَا أُمَّ سُلَيْمٍ فَضَحْتِ النِّسَاءَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُنْتَصِرًا لِأُمِّ سُلَيْمٍ بَلْ أَنْتِ تَرِبَتْ يَدَاكِ إِنَّ خَيْرَكُنَّ الَّتِي فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُنْتَصِرًا لِأُمِّ سُلَيْمٍ بَلْ أَنْتِ تَرِبَتْ يَدَاكِ إِنَّ خَيْرَكُنَّ الَّتِي قَالَ نَعْمُ فَأَنَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلْتَغْتَسِلْ قَالَتْ أُمُّ سَلَمَةَ وَلِلنِّسَاءِ مَاءُ قَالَ نَعَمْ فَأَنَّى يُشْبِهُهُنَّ الْوَلَدُ إِنَّمَا هُنَّ شَقَائِقُ الرِّجَالِ

إسناده ضعيف محمد بن كثير هو: الصنعاني وهو ضعيف. ولكن الحديث صحيح

বাংলা

৭৮৭. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট উন্মু সালামাহ ছিলেন, এমতাবস্থায় উন্মু সুলাইম তাঁর নিকট প্রবেশ করে বললেন, পুরুষ ঘুমের মধ্যে যা দেখতে পায়, যদি কোনো স্ত্রীলোক তা দেখে (তবে সে কী করবে)? তখন উন্মু সালামাহ বললেন, তোমার হাত দু'টি ধুলি মলিণ হোক! হে উন্মু সুলাইম, তুমি নারী জাতিকে অপমানিত করেছো।' তখন উন্মু সুলাইমের সাহাযার্থে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "বরং তোমার দু'হাত ধুলি মলিন হোক! তোমাদের মধ্যে উত্তম তো সেই স্ত্রীলোক যে তার প্রয়োজনীয় বিষয়ে জিজ্ঞাসা করে (জেনে নেয়)। যদি সে পানি (বীর্য) দেখতে পায়, তবে সে যেন গোসল করে।" উন্মু সালামাহ বলেন, স্ত্রীলোকদেরও কি পানি (বীর্য নির্গত) হয়? তিনি বললেন: "হাঁ, তা না হলে সন্তান তাদের সুদশ হয় কিভাবে? নিশ্চয়ই তারা (এক্ষেত্রে) পুরুষদের সমকক্ষ।"[1]

ফুটনোট



[1] তাহকীক: এর সনদ যয়ীফ। মুহাম্মাদ ইবনু কাছীর যয়ীফ। কিন্তু হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৩১০, ৩১৪; আহমাদ ৩/১৯৯, ২৮২; নাসাঈ ১৯৫; বাইহাকী ১/১৬৯; ইবনু আব্দুল বার, আত তামহীদ ৮/৩৩৮; ইবনু হিব্বান নং ১১৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন